গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০. ২৬৭৯

তারিখ: ১৬/০৪/১৪৩০ বঙ্গাব্দ।
৩১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ।

## অফিস আদেশ

আগামী ১৫ আগষ্ট ২০২৩ খ্রি:, মঙ্গলবার হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), ব্যাটালিয়ন অধিনায়ক, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠান সমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন।

২। **বিস্তারিত কর্মসূচি নিম্নরূপঃ**

ক। **সাধারণ ছুটি**। দিবসটি উদ্‌যাপনের নিমিত্তে দিনটি সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

খ। **ড্রপডাউন ব্যানার এবং কালো ব্যাজ**।

(১) **ব্যানারঃ** মাসব্যাপী ড্রপডাউন ব্যানার প্রদর্শিত থাকবে। নির্ধারিত নমুনা মোতাবেক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়সমূহে ড্রপডাউন ব্যানার সামঞ্জস্যপূর্ণভাবে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

(২) **কালো ব্যাজঃ** ০১ আগস্ট হতে কালো ব্যাজ ধারণ করতে হবে।

(৩) **নমুনাঃ** সংযুক্ত-০২ (দুই) পাতা।

গ। **জাতীয় পতাকা অর্ধনমিত**। ১৫ আগষ্ট ২০২৩ খ্রি:, মঙ্গলবার, সূর্যোদয়ের সাথে সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তরসহ সকল ইউনিট সমূহে "দি ফ্ল্যাগ রুলস্" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

ঘ। **পুষ্পস্তবক অর্পণ**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে/প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। এ সংক্রান্ত বিষয়ে স্থানীয় প্রশাসনের সহিত যথাযথ সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ। **মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত/দোয়া**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ১৫ আগষ্ট বাদ যোহর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর শহিদ পরিবারবর্গের বিদেহী রুহের মাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত/দোয়ার আয়োজন করতে হবে। কর্তব্যরত ব্যতিত সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তা, কর্মচারী ও আনসার ব্যাটালিয়ন সদস্য উক্ত মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত/দোয়ায় উপস্থিত থাকবেন।

চ। **আলোচনা সভা ও বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শন**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে ১১৩০ ঘটিকায় বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোচনা সভার আয়োজন ও ভিডিও প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

ছ। **পোশাক**। মার্জিত।

৩। কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন পূর্বক বর্ণিত অনুষ্ঠানসমূহ সম্পন্ন করতে হবে।

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।

Jahanara Akter
31-7-23

জাহানারা আক্তার, বিএএমএস (বার)
বিএভি-১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd


স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০.১৬৭৯

তারিখ: ১৬/০৪/১৪৩০ বঙ্গাব্দ।
৩১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি:

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ..............................রেঞ্জ। | ,, |
| ৫। | কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ,, |
| ৬। | পরিচালক (সকল)..........................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৭। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন......................................................... | ,, |
| ৮। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। | ,, |
| ৯। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | ,, |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | ,, |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ১২। | উপপরিচালক (প্রশাসন-উইং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তরের মসজিদে বাদ যোহর মিলাদ মাহফিলের আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৩। | উপপরিচালক (সকল).............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়,..................................................। | বিষয়টি আপনার অধীন সকল দপ্তরকে অবহিত ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম.................। | ,, |
| ১৬। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | ,, |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৮। | মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/<br>সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ১৯। | গণসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তর অডিটোরিয়ামে বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সকল ইউনিটে প্রামণ্যচিত্র প্রেরণ নিশ্চিত করবেন। |
| ২০। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি অত্র বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২১। | ..................................................................পরিদপ্তর/শাখা (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২২। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২৩। | অফিস ও মাস্টার কপি। | |

Jahanara Akter
31-7-23
পরিচালক (প্রশাসন)


স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
৪৮তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস-২০২৩
১৫ আগস্ট
জাতীয় শোক দিবস-এ
শ্রদ্ধাঞ্জলি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি
বিনম্র শ্রদ্ধা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী


শোকাবহ আগস্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

ই আগস্ট

# জাতীয় শোক দিবস

শোক থেকে শক্তি
শোক থেকে জাগরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি



বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

ই আগস্ট

# জাতীয় শোক দিবস

তুমি স্বাধীনতা,
তুমিই বাংলাদেশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি



বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী